দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 29 JUN 2009 ...
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণসহ পরিপত্র সংশোধনের দাবি

## প্রধানমন্ত্রীকে স্মারকলিপি পেশ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

বেসরকারি প্রাথমিক শিক্ষকদের চাকুরী জাতীয়করণসহ সকল প্রকার হয়রানিমূলক পরিপত্র সংশোধনের দাবিতে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেছে। গতকাল রবিবার রাজধানীতে বিক্ষোভ মিছিল শেষে সরকারের প্রতিনিধির মাধ্যমে এ স্মারকলিপি প্রদান করা হয়। তবে আগামী ১০ জুলাইয়ের মধ্যে দাবি না মানা হলে ২৮ জুলাইয়ের পর থেকে আমরণ অনশন কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে।

বিকালে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আমিনুল ইসলাম চৌধুরী ও মহাসচিব মনজুর আলীর নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়। মিছিলটি ঢাকা বিশ্ববিদ্যালয় হয়ে শাহবাগে পৌঁছলে পুলিশ ব্যারিকেট দিয়ে বাধা প্রদান করে। শিক্ষকগণের সঙ্গে পুলিশের ধস্তাধস্তির পর সমিতির নেতৃবৃন্দ চারুকলা অনুষদের সামনে অবস্থান গ্রহণ করেন। অবস্থান কর্মসূচির একপর্যায়ে সাবেক পরিকল্পনা মন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মহীউদ্দীন খান আলমগীর উপস্থিত হয়ে শিক্ষকদের দাবি বাস্তবায়নের ব্যাপারে আশ্বাস করেন। তিনি শিক্ষকদের উদ্দেশে বলেন, সাংবিধানিকভাবে প্রাথমিক শিক্ষার সকল দায়িত্ব সরকারের। তাই শিক্ষকের সকল দায়িত্ব সরকারকেই নিতে হবে। চলতি বছরের মধ্যে প্রাথমিক শিক্ষার সকল সমস্যা সমাধান করা হবে বলে তিনি জানান। পরে শিক্ষকরা সাবেক মন্ত্রীর হাতে স্মারকলিপি প্রদান করেন।

স্মারকলিপি প্রদান শেষে শিক্ষকরা শহীদ মিনারে এসে আগামী ১০ জুলাইয়ের মধ্যে দাবি না মানা হলে ১৫ জুলাই দেশের সকল উপজেলা চেয়ারম্যান ও নির্বাহী কর্মকর্তার মাধ্যমে পুনরায় প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান, ২০ জুলাই দেশের সকল জেলায় বিক্ষোভ মিছিল এবং ২৮ জুলাই কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক অবস্থান ধর্মঘট থেকে পরবর্তী আমরণ অনশন কর্মসূচি ঘোষণার কথা জানানো হয়।